যুগান্তর

তারিখ 01 DEC 2017
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# শেকৃবির ভর্তি পরীক্ষা আজ

## জালিয়াতি ঠেকাতে ভ্রাম্যমাণ আদালত

**শেকৃবি প্রতিনিধি**

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৮ সেশনের প্রথমবর্ষে ভর্তি পরীক্ষা আজ সকাল ১০টায়। পরীক্ষায় জালিয়াতি ও স্বার্থন্বেষী গোষ্ঠীর অপতৎপরতা ঠেকাতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। পরীক্ষা চলাকালীন কেন্দ্রসমূহে ভ্রাম্যমাণ আদালত নিয়োজিত থাকবেন। ক্যালকুলেটর, মোবাইল ফোন বা অন্য কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এমনকি পরীক্ষা চলাকালীন পরিদর্শকদের কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদে ৬৮২টি আসনের বিপরীতে চলতি শিক্ষাবর্ষে আবেদন করেছে ৩৮ হাজার ১২৫ জন প্রতিযোগী। এক আসনের বিপরীতে গড়ে ৫৬ জন শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অংশ নেবে। বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর মোট ১৬টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত জানা যাবে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.edu.bd-এ।